



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy1955@yahoo.com

ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ২৫.১০.২০২১

নাট্যজন মাহমুদ সাজ্জাদের প্রয়াণে বাংলা একাডেমির শোকবাণী



বিশিষ্ট নাট্যজন মাহমুদ সাজ্জাদ গতকাল ২৪শে অক্টোবর ২০২১ ঢাকায় প্রয়াত হন।

মাহমুদ সাজ্জাদ ছিলেন মঞ্চ এবং টেলিভিশনের একজন অনন্য অভিনেতা। স্বাভাবিকচিত অভিনয়দক্ষতা এবং উদ্ভাবনশীলতার মধ্য দিয়ে তিনি বাংলাদেশের নাট্যজগতকে সমৃদ্ধ করেছেন। মাহমুদ সাজ্জাদের সততা এবং ন্যায়নিষ্ঠা আমাদের সংস্কৃতিজগতে স্মরণীয় হয়ে থাকবে।

বাংলা একাডেমি মাহমুদ সাজ্জাদের প্রয়াণে গভীর শোক প্রকাশ করছে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি জ্ঞাপন করছে আন্তরিক সমবেদনা।

মুহম্মদ নূরুল হুদা
মহাপরিচালক